

ফেব্রুয়ারী, ২০২৫

এফবিসিসিআই/অর্থ/বাজেট/২০২৫/১১৪৬

সভাপতি/চেয়ারম্যান

সকল সদস্য সংস্থা

এফবিসিসিআই।

RECEIVED	
Date :	21/02/2025
Time :	11:42 A.M
Signature :	Shamima
SHAMIMA	

অতীব জরুরী

বিষয় : ২০২৫-২০২৬ অর্থবছরের জাতীয় বাজেটে অন্তর্ভুক্তির জন্য চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি/এসোসিয়েশনসমূহের নিকট হতে প্রস্তাবনা আহ্বান।

মহোদয়,

দি ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার্স অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (এফবিসিসিআই)-এর পক্ষ হতে আপনাকে/আপনাদেরকে অনেক শুভেচ্ছা জানাচ্ছি।

আপনি নিশ্চয়ই অবগত আছেন যে, ব্যবসায়ীদের প্রতিনিধিত্বকারী শীর্ষ সংগঠন হিসেবে এফবিসিসিআই প্রতি অর্থবছরে সরকারের নিকট ব্যবসা-বাণিজ্যের অনুকূল পরিবেশ সৃষ্টিতে বাজেটে অন্তর্ভুক্তির জন্য বিভিন্ন পরামর্শ/প্রস্তাবনা দিয়ে থাকে। এরই ধারাবাহিকতায়, ২০২৫-২০২৬ অর্থবছরের জাতীয় বাজেটে এফবিসিসিআই সরকারকে আমদানি শুল্ক, মূল্য সংযোজন কর, আয়কর ও অন্যান্য কর সম্পর্কে মূল্যবান প্রস্তাবনাসমূহ তুলে ধরবে।


এই প্রেক্ষিতে, আপনার চেম্বার/এসোসিয়েশন সংশ্লিষ্ট আমদানি শুল্ক, মুসক, সম্পূরক শুল্ক, আয়কর এবং এছাড়াও সামগ্রিক অর্থনীতি বিষয়ে কোন যৌক্তিক প্রস্তাবনা থাকলে তা আগামী ২৮ ফেব্রুয়ারি ২০২৫ তারিখের মধ্যে নিম্নবর্ণিত 'ছক' অনুযায়ী হার্ড কপিসহ ই-মেইলে (e-mail address: [secretariat@fbcci.org](mailto:secretariat@fbcci.org) & [parvez.fbcci@gmail.com](mailto:parvez.fbcci@gmail.com)) এফবিসিসিআই বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

'ছক'

ক্র. নং	পণ্যের নাম ও এইচ,এস,কোড	বর্তমান অবস্থা	প্রস্তাব/সুপারিশ	যৌক্তিকতা

ধন্যবাদান্তে,

আপনার বিশ্বস্ত,

  
মো: আলমগীর

মহাসচিব

অনুলিপি:

- প্রশাসক মহোদয়ের একান্ত সচিব, এফবিসিসিআই।
- প্রধান বাজেট সমন্বয়কারী, জাতীয় রাজস্ব বোর্ড।